

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৯৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدِّمًا أَوْ مُؤَخَّرًا) পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো পূর্বে উল্লেখিত নাফে' রহিমাছল্লাহ বর্ণিত হাদীসের বিপরীত

ذِكْرُ خَبْرٍ قَدْ يُوْهَمُ غَيْرَ الْمُتَبَجِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّهُ مُضَادٌّ لِخَبْرٍ نَافِعِ الَّذِي ذَكَرْنَاهُ

আরবী

3195 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ: عَنْ أَبِي الشَّعْثَاءِ قَالَ: رَأَيْتُ ابْنَ عُمَرَ دَاخِلَ الْبَيْتِ حَتَّى إِذَا كَانَ بَيْنَ السَّارِيَتَيْنِ صَلَّى أَرْبَعًا فَقُمْتُ إِلَى جَنْبِهِ فَلَمَّا صَلَّى قُلْتُ: أَيْنَ صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: هَا هُنَا أَخْبَرَنِي أُسَامَةُ بْنُ زَيْدٍ أَنَّهُ رَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى.

الراوي : أبو الشعثاء المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3195 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1764 - 1766)

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: سَمِعَ هَذَا الْخَبَرَ ابْنُ عُمَرَ عَنْ بِلَالٍ وَأُسَامَةَ بْنِ زَيْدٍ لِأَنَّهُمَا كَانَا مَعَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكَعْبَةِ فَمَرَّةً أَدَّى الْخَبَرَ عَنْ بِلَالٍ وَمَرَّةً أُخْرَى عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ فَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

বাংলা

৩১৯৫. আবুস সা'সা' থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আব্দুল্লাহ বিন উমার রাযিয়াল্লাহু আনহুমা কে বাইতুল্লাহর ভেতরে দেখেছি। যখন তিনি দুই খুঁটির মাঝখানে থেকেছেন, তিনি তিনি চার রাকা'আত সালাত আদায় করেছেন। অতঃপর আমি তার পাশে গিয়ে দাঁড়াই। যখন তিনি সালাত শেষ করেন, তখন আমি বললাম, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা'বা ঘরের কোথায় সালাত আদায় করেছেন?” জবাবে তিনি বলেন, “এখানে।” আমাকে উসামাহ বিন বিন যাইদ রাযিয়াল্লাহু আনহু হাদীস বর্ণনা করেছেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াল্লামকে সালাত আদায় করতে দেখেছেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহ বলেন, “এই হাদীসটি আব্দুল্লাহ বিন উমার রাযিয়াল্লাহু আনহুমা বিলাল ও উসামাহ বিন যাইদ রাযিয়াল্লাহু আনহুমা উভয় থেকেই শ্রবণ করেছিলেন। কেননা তারা দুইজনেই কা’বা ঘরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলেন। অতঃপর তিনি কখনো হাদীসটি বিলাল রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন আবার কখন উসামাহ বিন যাইদ রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন। কাজেই হাদীসটির দুটো সানাদই বিশুদ্ধ।”

ফুটনোট

[1] তাহাবী: ১/৩৯০; মুসান্নাফ আব্দুর রায়যাক: ৯০৭১; মুসনাদ আহমাদ: ২/৩; সহীহুল বুখারী: ৪৬৮; সহীহ মুসলিম: ১৩২৯; দারেমী: ২/৫৩; সুনান বাইহাকী: ২/৩২৭; তিরমিযী: ৮৭৪; নাসাঈ: ৫/২১৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭৬৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবুশ-শা’সা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92525>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন